

২০২৪

বাংলা - সাধারণ

চতুর্থ সেমেস্টার

পত্র : GE/CC-4

(বাংলা কথাসাহিত্য ও প্রবন্ধ)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
অথবা,
(খ) 'পল্লীসমাজ' উপন্যাস অবলম্বনে রমা ও রমেশের হৃদয়গত জটিল সম্পর্কটি বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) বিভূতিভূষণের 'পুঁইমাচা' গল্প অবলম্বনে ক্ষেত্রি চরিত্রটি বিশ্লেষণ করো। ১০
অথবা,
(খ) কাহিনি বিশ্লেষণ করে 'ছিন্নমস্তা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ৩। (ক) 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধে রবীন্দ্রনাথ ইংরেজদের শ্রেষ্ঠত্ব সম্পর্কে যে মত ব্যক্ত করেছেন তা সংক্ষেপে বিবৃত করো। ১০
অথবা,
(খ) রবীন্দ্রনাথের 'কেকাধ্বনি' প্রবন্ধটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
- ৪। (ক) "মোরা নালিশ করতি পারবো না।"— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
অথবা,
(খ) "বঁশ নুইয়ে ফেলতে চাও ত এই-বেলা, পেকে গেলে আর হবে না তা নিশ্চয় বলে দিচ্ছি।"— কে, কার সম্বন্ধে এই উক্তিটি করেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য লেখো। ১+১+৩
- ৫। (ক) "এমন তামাশা কেউ কখনও করেনি পুলিশের সঙ্গে, এমন জন্ম করেনি পুলিশকে।"— কে, পুলিশকে 'জন্ম' করেছিল? 'তামাশা'টি কী? পুলিশ কীভাবে 'জন্ম' হয়েছিল? ১+১+৩
অথবা,
(খ) "আমি খ্রিস্টান নই গো বাপ।"— উদ্ধৃতিটি কোন গল্পের অংশ? এখানে বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

Please Turn Over

৬। (ক) “আজ জাতিতে জাতিতে একত্র হচ্ছে অথচ মিলছে না। এরই বিষম বেদনায় সমস্ত পৃথিবী পীড়িত।” — উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

৫

অথবা,

(খ) “আমরা যেন কোনো-এক কালে একত্র এক মানসলোকে ছিলাম, সেখান হইতে নির্বাসিত হইয়াছি।” — উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অন্তর্গত? লেখক কে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+৩

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

(ক) দীনু ভট্টাচার্য

(খ) ব্রজরানী

(গ) প্রাচ্য ও পাশ্চাত্যের সন্মিলনের গুরুত্ব

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) ‘পল্লীসমাজ’ উপন্যাসটি কবে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) গোবিন্দ গাঙ্গুলী কে?

(গ) ছোটবেলায় রমা ও রমেশ গ্রামের কোন পাঠশালায় একসঙ্গে পড়াশোনা করেছে?

(ঘ) যতীন কে?

(ঙ) “মলে তোমার নিজের মেয়েকে কাঁধে করে পুড়িয়ে এসো বাছা।” — কে, কাকে একথা বলেছে?

(চ) ‘না’ গল্পের প্রধান দুই পুরুষ চরিত্রের নাম লেখো।

(ছ) কোন ঐতিহাসিক ঘটনার পটভূমিতে ‘হারানের নাতজামাই’ গল্পটি রচিত?

(জ) ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পের লেখকের নাম কী?

(ঝ) ‘ভামর’ কোন গল্পের চরিত্র?

(ঞ) ‘ছিন্নমস্তা’ গল্পে কোন আধুনিক কবির কাব্যের অংশবিশেষ উল্লেখিত হয়েছে?

(ট) “পশ্চিম দেশে পোলিটিক্যাল স্বাতন্ত্র্যের যথার্থ বিকাশ হতে আরম্ভ হয়েছে” কখন থেকে?

(ঠ) ‘মেঘদূত’ প্রবন্ধে উল্লিখিত একটি নদীর নাম লেখো।

(ড) শিক্ষার ক্ষেত্রে রামমোহন রায়ের একটি বিশেষ অবদান উল্লেখ করো।

(ঢ) ‘বঙ্গদর্শন’ পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?

(ণ) রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ প্রবন্ধটি কবে রচিত হয়?